



নং ০৫.৩০.৮২০৭.০০৩.০২.০০৮.২১. ৬৮৪

৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
২৩ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

**ফেরীঘাট/খেয়াঘাট ইজারার বিজ্ঞপ্তি**

বালিয়াকান্দি উপজেলার নিম্নবর্ণিত খেয়াঘাটসমূহ ১৪২৮ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। সিডিউল (ফেরীঘাট/খেয়াঘাট) মহালের পার্শ্বে উল্লিখিত মূল্যে ও তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এবং উপজেলা ভূমি অফিস, বালিয়াকান্দি, রাজবাড়ী হতে (অফেরতযোগ্য) নগদ মূল্যে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এবং জেলা প্রশাসকের কার্যালয়ে, রাজবাড়ীতে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একইদিন দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। অন্যান্য তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

ক্রমিক নং	খেয়াঘাটের নাম	ইউনিয়নের নাম	কাজিত সরকারি মূল্য	সিডিউল মূল্য
০১	নারুয়া খেয়াঘাট	নারুয়া	২,৭২,৮৯৮/-	১,২০০/-
০২	সোনাকান্দির খেয়াঘাট	নারুয়া	২,৮৬,৩৩০/-	১,২০০/-
০৩	সমাধীনগর খেয়াঘাট	জংগল	১,৭৮,৯৪৯/-	১,০০০/-
০৪	পাঁচপোতা খেয়াঘাট	জংগল	-	-
০৫	আগপোতা খেয়াঘাট	জংগল	-	-

**দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী:**

পর্যায় / দফা	দরপত্র ফরম ক্রয়ের তারিখ	দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় এবং খোলার তারিখ ও সময়
১ম	০১/০৪/২০২১খি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন	দরপত্র দাখিলের সময়ঃ ০৪/৪/২০২১খি. সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা দরপত্র খোলার সময়ঃ বিকাল ৪:০০ টা
২য় (১ম দফার অবশিষ্ট খেয়াঘাটের জন্য)	০৫/০৪/২০২১খি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন	দরপত্র দাখিলের সময়ঃ ০৬/৪/২০২১খি. সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা দরপত্র খোলার সময়ঃ বিকাল ৪:০০ টা
৩য় (১ম ও ২য় দফার অবশিষ্ট খেয়াঘাটের জন্য)	০৭/০৪/২০২১খি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন	দরপত্র দাখিলের সময়ঃ ০৮/৪/২০২১খি. সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা দরপত্র খোলার সময়ঃ বিকাল ৪:০০ টা
৪র্থ (২য় ও ৩য় দফার অবশিষ্ট খেয়াঘাটের জন্য)	১১/০৪/২০২১খি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন	দরপত্র দাখিলের সময়ঃ ১২/৪/২০২১খি. সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা দরপত্র খোলার সময়ঃ বিকাল ৪:০০ টা

**দরপত্রের শর্তাবলীঃ**

- ১। দরপত্রের সহিত উক্ত দরের ২৫% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যে কোন তফশীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী বরাবর জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত খেয়াঘাট পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানতের টাকা হতে মিটানো হবে। বৎসর সমাপনান্তে উক্ত জমাকারী বরাবর জামানত ফেরত দেয়া হবে।
- ২। খেয়াঘাট ইজারার ক্ষেত্রে ১ম বার জন্মগত পেশাদার পাটমীর মধ্যে টেন্ডার সীমিত থাকবে। পেশাদার পাটমীর ক্ষেত্রে বৈধ সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৩। ২য় বার খেয়াঘাটের ইজারার ক্ষেত্রে যে কোন পাটমী অংশগ্রহণ করতে পারবেন।
- ৪। কৃতকার্য দরদাতাকে ০৭ (সাত) দিনের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট ৮০% টাকা, ১৫% ভ্যাট, ৫% আয়কর প্রদান করতে হবে। ব্যর্থতায় দাখিলকৃত দরপত্র বাতিল এবং জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ৫। সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য দরদাতাকে নিজ খরচে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি করতে হবে।
- ৬। দরপত্র ক্রয়কালে ক্রেতাকে বৈধ কাগজপত্র দাখিল করতে হবে।
- ৭। স্পষ্ট অক্ষরে দরপত্র দাখিল করতে হবে। অস্পষ্ট ও ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল করা হবে।
- ৮। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের মধ্য হতে একজনকে নির্বাচন করা হবে।
- ৯। খেয়াঘাট যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত নৌযান সরবরাহ এবং উঠানামার জন্য ঘাট ইজারাদার নিজ খরচে ঘাটলা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন এবং মানুষসহ যানবাহন/মালামাল পারাপারের টোল চার্ট প্রকাশ্য স্থানে টাংগাইয়া রাখতে হবে।
- ১০। ইজারাদার প্রাপ্ত খেয়াঘাট অন্যের নিকট সাবলীজ দিতে পারবে না। অনুরূপ কিংবা চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ হলে ইজারা বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্ত করে খেয়াঘাটটি পুনরায় ইজারা দেয়া হবে।
- ১১। দরদাতাকে সায়রাত (ফেরীঘাট/খেয়াঘাট) মহালের নাম খামের উপর স্পষ্টভাবে লিখতে হবে।
- ১২। ইজারা গ্রহীতা সংশ্লিষ্ট সায়রাত (ফেরীঘাট/খেয়াঘাট) মহালের সীমানা/পরিসীমা বজায় ও সংরক্ষণ করবেন যাতে কেউ বে-আইনীভাবে সংশ্লিষ্ট খেয়াঘাটের মধ্যে প্রবেশ করতে না পারে।
- ১৩। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

আমিয়া সুলতানা

উপজেলা নির্বাহী অফিসার

বালিয়াকান্দি, রাজবাড়ী

ফোনঃ ০৬৪২২-৫৬০০১

ই-মেইলঃ unobaliakandi@mopa.gov.bd